

দুটি অপ্রকাশিত কবিতা

এখানেই নদী ছিল। ঢেউয়ে ঢেউয়ে উন্মত্তের মতো  
অবাধ্য অশান্ত উচ্ছ্বল। যেন এক ঝাঁক পাখি  
ডানা ঝাপটায় আরতীরবেগে ছোট্টে অবিরত  
উত্তাপের পিছে পিছে ইতিহাসে সবই আছে লেখা।  
পুরাতন মানচিত্রে সে নদীরপ্রাণহীন রেখা  
এখনো যায় নি মুছে। শুধু মুছে গেছে একেবারে  
বিধ্বের সত্যের থেকে, চলে গেছে তমিষ্পার পারে  
অন্য কোনো এক গৃহে.....

২

বই খাতা এলোমেলো, সেলেটটা গেছে কোন্ খানে ---  
তবু মনে রাখা চাইপুরোনো পাঠের সব মানে!

প্রথম সোনালি আলোঝিকিঝিকি গাছের মাথায়  
প্রথম অবাক হওয়া কোনো এক সহজ কথায়  
প্রথম চকিত চাওয়াপায়ের আওয়াজে  
সব মানে লেখা ছিল কোন্ খানেখুঁজে পাই না যে।  
সব যেন ভুল ভুল, সব মানোগিয়েছে হারিয়ে

১

